জুলাই-ডিসেম্বর/২০১১ সময়কালে শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামুলক প্রতিবেদন ।

বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে প্রাপ্ত ত্রৈমাসিক বিবরণীর ভিত্তিতে জুলাই-ডিসেম্বর/২০১১ সময়কালে শিল্প ঋণের বিতরণ, আদায়, মেয়াদোত্তীর্ণ, শ্রেণীবিন্যাসিত ও বকেয়ার একীভূত বিবরণী প্রস্তুত করা হয়েছে । উক্ত বিবরণীর পর্যালোচনামূলক প্রতিবেদন নিম্নে উপস্থাপন করা হ'ল ঃ


০১। **ঋণ বিতরণ ঃ**

জুলাই-ডিসেম্বর/২০১১ সময়কালে শিল্প ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ৫৪,১৬২.৭৬ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণের বিতরণ ছিল যথাক্রমে ৩৬,৮৫৭.৪৮ কোটি টাকা ও ১৭,৩০৫.২৮ কোটি টাকা । আলোচ্য সময়ে বিতরণকৃত মোট ৫৪,১৬২.৭৬ কোটি টাকার মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৮.৫৬%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭৪.৯৭%, বিদেশী ব্যাংকসমূহ ৮.৪৫%, বিশেষায়িত ব্যাংকসমূহ ৩.৩০% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৪.৭২% ঋণ বিতরণ করেছে ।

জুলাই-ডিসেম্বর/২০১০ সময়ে শিল্প ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ৫২,৫৩৬.৭৭ কোটি টাকা, যা জুলাই-ডিসেম্বর/২০১১ সময়ে ৩.০৯% বৃদ্ধি পেয়ে ৫৪,১৬২.৭৬ কোটি টাকা হয়েছে । জুলাই-ডিসেম্বর/২০১০ সময়ের তুলনায় চলতি মূলধনের ক্ষেত্রে বিতরণ বৃদ্ধি পেয়েছে ৩.৪৯% এবং মেয়াদী ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে ২.২৫% । নিমের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ বিতরণ			
	জুলাই-ডিসেম্বর/২০১০	জুলাই-ডিসেম্বর/২০১১	পরিবর্তনের হার
চলতি মূলধন	৩৫৬১৩.০৭	৩৬৮৫৭.৪৮	(+) ৩.৪৯
মেয়াদী ঋণ	১৬৯২৩.৭০	১৭৩০৫.২৮	(+) ২.২৫
মোটঃ	৫২৫৩৬.৭৭	৫৪১৬২.৭৬	(+) ৩.০৯



জুলাই-সেপ্টঃ/১১ ও অক্টোঃ-ডিসেঃ/১১ ত্রৈমাসে শিল্প ঋণ বিতরণের হ্রাস/বৃদ্ধি র তুলনামূলক তথ্য নিম্নে দেয়া হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ বিতরণ			
	জুলাই-সেপ্টেঃ/১১	অক্টোঃ-ডিসেঃ/২০১১	পরিবর্তনের হার
চলতি মূলধন	১৭৫৬২.৪৬	**১৯২৯৫.০২**	(+) ৯.৮৭
মেয়াদী ঋণ	৭৪৩৭.৪৪	**৯৮৬৭.৮৪**	(+) ৩২.৬৮
মোট	**২৪৯৯৯.৯০**	**২৯১৬২.৮৬**	(+) ১৬.৬৫

জুলাই-সেপ্টঃ/১১ ও অক্টোঃ-ডিসেঃ/১১ ত্রৈমাসে মেয়াদী ঋণ বিতরণের হ্রাস/বৃদ্ধি র তথ্য নিম্নে সন্নিবেশিত হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ বিতরণ			
	জুলাই-সেপ্টেঃ/১১	অক্টোঃ-ডিসেঃ/২০১১	পরিবর্তনের হার
বৃহৎ শিল্প ঋণ	৫০১৯.২০	৫৭০৬.৩২	(+) ১৩.৬৯
মাঝারি শিল্প ঋণ	১৮৭৪.৮১	৩৪৬৮.৬৪	(+) ৮৫.০১
ক্ষুদ্র শিল্প ঋণ	৫৪৩.৪৩	৬৯২.৮৮	(+) ২৭.৫০
মোট মেয়াদী ঋণ	৭৪৩৭.৪৪	৯৮৬৭.৮৪	(+) ৩২.৬৮

অপর পাতায় দ্রষ্টব্য

পূর্ব পাতার পর -


০২। ঋণ আদায় ঃ

জুলাই-ডিসেঃ/২০১১ সময়ে শিল্প ঋণের মোট আদায়ের পরিমাণ ৪৭,০২৯.৫০ কোটি টাকা, তন্মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণের আদায় যথাক্রমে ৩১,৮৫৭.৬৪ কোটি টাকা ও ১৫,১৭১.৮৬ কোটি টাকা। আদায়কৃত এ অর্থের মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৮.৬৫%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৭২.৯৭%, বিদেশী ব্যাংকসমূহ ১০.৮৯%, বিশেষায়িত ব্যাংকসমূহ ২.৮৬% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৪.৬৩% ঋণ আদায় করেছে ।

জুলাই-ডিসেঃ/২০১০ সময়ে আদায়কৃত শিল্প ঋণের পরিমাণ ছিল ৩৯,৮৯২.৭০ কোটি টাকা, যা জুলাই-ডিসেঃ/২০১১ সময়ে ১৭.৮৯% বৃদ্ধি পেয়ে ৪৭,০২৯.৫০ কোটি টাকা হয়েছে । এর মধ্যে চলতি মূলধনের আদায় বেড়েছে ১৬.০৮% এবং মেয়াদী ঋণের আদায় বেড়েছে ২১.৮৮% । নিম্নের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ আদায়			
	জুলাই-ডিসেঃ/২০১০	জুলাই-ডিসেঃ/২০১১	পরিবর্তনের হার
চলতি মূলধন	২৭৪৪৪.৯৫	৩১৮৫৭.৬৪	(+) ১৬.০৮
মেয়াদী ঋণ	১২৪৪৭.৭৫	১৫১৭১.৮৬	(+) ২১.৮৮
মোট	৩৯৮৯২.৭০	৪৭০২৯.৫০	(+) ১৭.৮৯



জুলাই-সেপ্টঃ/১১ ও অক্টোঃ-ডিসেঃ/১১ ত্রৈমাসে শিল্প ঋণ আদায়ের হ্রাস/বৃদ্ধি র তুলনামূলক তথ্য নিম্নে দেয়া হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ আদায়			
	জুলাই-সেপ্টেঃ/১১	অক্টোঃ-ডিসেঃ/২০১১	পরিবর্তনের হার
চলতি মূলধন	১৪৮৯৩.৪৮	১৬৯৬৪.১৬	(+) ১৩.৯০
মেয়াদী ঋণ	৬৮১০.৮৮	৮৩৬০.৯৮	(+) ২২.৭৬
মোট	২১৭০৪.৩৬	২৫৩২৫.১৪	(+) ১৬.৬৮

জুলাই-সেপ্টঃ/১১ ও অক্টোঃ-ডিসেঃ/১১ ত্রৈমাসে মেয়াদী ঋণ আদায়ের হ্রাস/বৃদ্ধি র তুলনামূলক তথ্য নিম্নে সন্নিবেশিত হ'ল ঃ

(কোটি টাকায়)

ঋণ আদায়			
	জুলাই-সেপ্টেঃ/১১	অক্টোঃ-ডিসেঃ/২০১১	পরিবর্তনের হার
বৃহৎ শিল্প ঋণ	৩৮১৭.২৬	৪৮০৩.২৯	(+) ২৫.৮৩
মাঝারি শিল্প ঋণ	২৪৯২.২৫	২৭১২.৭৩	(+) ৮.৮৫
ক্ষুদ্র শিল্প ঋণ	৫০১.৩৭	৮৪৪.৯৬	(+) ৬৮.৫৩
মোট মেয়াদী ঋণ	৬৮১০.৮৮	৮৩৬০.৯৮	(+) ২২.৭৬

অপর পাতায় দ্রষ্টব্য

পূর্ব পাতার পর -


০৩। মেয়াদোত্তীর্ণ ঋণ ঃ

জুলাই-ডিসেঃ/২০১১ সময়ে শিল্প খাতে মোট মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ ১২,৭৬০.৬১ কোটি টাকা, যা শিল্পখাতে মোট বকেয়া ঋণস্থিতির ৯.৩৯% । এর মধ্যে চলতি মূলধন ও মেয়াদী ঋণের মেয়াদোত্তীর্ণের পরিমাণ ছিল যথাক্রমে ৬,২৭৮.০৪ কোটি টাকা এবং ৬,৪৮২.৫৭ কোটি টাকা । মোট মেয়াদোত্তীর্ণ ঋণের মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ৪১.২৯%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহ ৪৬.০১%, বিদেশী ব্যাংকসমূহ ১.৯০%, বিশেষায়িত ব্যাংকসমূহ ৫.৩৫% এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৫.৪৫% মেয়াদোত্তীর্ণ ঋণ রয়েছে ।

জুলাই-ডিসেঃ/২০১০ সময়ে শিল্প খাতে মোট মেয়াদোত্তীর্ণ ঋণের স্থিতি ছিল ১১,২৪৯.৫৫ কোটি টাকা, যা জুলাই-ডিসেঃ/২০১১ সময়কালে ১৩.৪৩% বৃদ্ধি পেয়ে ১২,৭৬০.৬১ কোটি টাকা হয়েছে । এর মধ্যে চলতি মূলধন ২২.৩৩% এবং মেয়াদী ঋণের হার ৫.৯৬% বৃদ্ধি পেয়েছে । নিম্নের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হল ঃ

(কোটি টাকায়)

মেয়াদোত্তীর্ণ ঋণ			
	জুলাই-ডিসেঃ/২০১০	জুলাই-ডিসেঃ/২০১১	পরিবর্তনের হার
চলতি মূলধন	৫১৩১.৮৫	৬২৭৮.০৪	(+) ২২.৩৩
মেয়াদী ঋণ	৬১১৭.৭০	৬৪৮২.৫৭	(+) ৫.৯৬
মোট	১১২৪৯.৫৫	১২৭৬০.৬১	(+) ১৩.৪৩



জুলাই-সেপ্টঃ/১১ ও অক্টোঃ-ডিসেঃ/১১ ত্রৈমাসে মেয়াদোত্তীর্ণ শিল্প ঋণের হ্রাস/বৃদ্ধি র তুলনামূলক তথ্য নিম্নে দেয়া হ'ল ঃ

(কোটি টাকায়)

মেয়াদোত্তীর্ণ ঋণ			
	জুলাই-সেপ্টেঃ/১১	অক্টোঃ-ডিসেঃ/২০১১	পরিবর্তনের হার
চলতি মূলধন	৬৯৯৯.১৮	৬২৭৮.০৪	(-) ১০.৩০
মেয়াদী ঋণ	৬৮৬৮.৭২	৬৪৮২.৫৭	(-) ৫.৬২
মোট	১৩৮৬৭.৯০	১২৭৬০.৬১	(-) ৭.৯৮

জুলাই-সেপ্টঃ/১১ ও অক্টোঃ-ডিসেঃ/১১ ত্রৈমাসে মেয়াদোত্তীর্ণ মেয়াদী ঋণের হ্রাস/বৃদ্ধি র তুলনামূলক তথ্য নিম্নে সন্নিবেশিত হ'ল ঃ

(কোটি টাকায়)

মেয়াদোত্তীর্ণ ঋণ			
	জুলাই-সেপ্টেঃ/১১	অক্টোঃ-ডিসেঃ/২০১১	পরিবর্তনের হার
বৃহৎ শিল্প ঋণ	৪১৩৬.৯৯	৩৬৬৬.৭০	(-) ১১.৩৭
মাঝারি শিল্প ঋণ	১৮৮২.৭৭	২১১৬.৪৭	(+) ১২.৪১
ক্ষুদ্র শিল্প ঋণ	৮৪৮.৯৬	৬৯৯.৪০	(-) ১৭.৬২
মোট মেয়াদী ঋণ	৬৮৬৮.৭২	৬৪৮২.৫৭	(-) ৫.৬২

অপর পাতায় দ্রষ্টব্য

পূর্ব পাতার পর -


০৪। **শ্রেণীবিন্যাসিত ঋণ ঃ**

জুলাই-ডিসেঃ/২০১১ সময়ে শিল্প খাতে মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ৭,১৫৪.১৬ কোটি টাকা, যা শিল্পখাতে মোট বকেয়া ঋণ স্থিতির ৫.২৬% । উক্ত সময়ে শ্রেণীবিন্যাসিত চলতি মূলধন ও মেয়াদী ঋণের পরিমাণ যথাক্রমে ২,৫০৭.৯৫ কোটি টাকা এবং ৪,৬৪৬.২১ কোটি টাকা । এর মধ্যে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৪৫.৫৮%, বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের ৩০.৮০%, বিদেশী ব্যাংকসমূহের ২.৩৮%, বিশেষায়িত ব্যাংকসমূহের ১১.৯৫% এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৯.২৯% শ্রেণীবিন্যাসিত ঋণ রয়েছে ।

জুলাই-ডিসেঃ/২০১০ সময়ে শিল্প ঋণের মোট শ্রেণীবিন্যাসিত ঋণের পরিমাণ ছিল ৭,৩৮২.০১ কোটি টাকা, যা বর্তমানে (জুলাই-ডিসেঃ/২০১১) ৩.০৯% হ্রাস পেয়ে ৭,১৫৪.১৬ কোটি টাকায় দাঁড়িয়েছে । এর মধ্যে চলতি মূলধন খাতে হ্রাস পেয়েছে ৫.৪০% এবং মেয়াদী ঋণ খাতে হ্রাস পেয়েছে ১.৭৯% । নিম্নের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল ঃ

(কোটি টাকায়)

শ্রেণীবিন্যাসিত ঋণ			
	জুলাই-ডিসেঃ/২০১০	জুলাই-ডিসেঃ/২০১১	পরিবর্তনের হার
চলতি মূলধন	২৬৫১.০৫	২৫০৭.৯৫	(-) ৫.৪০
মেয়াদী ঋণ	৪৭৩০.৯৬	৪৬৪৬.২১	(-) ১.৭৯
মোট	৭৩৮২.০১	৭১৫৪.১৬	(-) ৩.০৯



জুলাই-সেপ্টঃ/১১ ও অক্টোঃ-ডিসেঃ/১১ ত্রৈমাসে শ্রেণীবিন্যাসিত ঋণের হ্রাস/বৃদ্ধির তুলনামূলক তথ্য নিম্নে দেয়া হ'ল ঃ

(কোটি টাকায়)

শ্রেণীবিন্যাসিত ঋণ			
	জুলাই-সেপ্টেঃ/১১	অক্টোঃ-ডিসেঃ/২০১১	পরিবর্তনের হার
চলতি মূলধন	৩৫৩৭.৬৫	২৫০৭.৯৫	(-) ২৯.১১
মেয়াদী ঋণ	৫৮৯৮.০৫	৪৬৪৬.২১	(-) ২১.২২
মোট	৯৪৩৫.৭০	৭১৫৪.১৬	(-) ২৪.১৮

জুলাই-সেপ্টঃ/১১ ও অক্টোঃ-ডিসেঃ/১১ ত্রৈমাসে শ্রেণীবিন্যাসিত মেয়াদী ঋণের হ্রাস/বৃদ্ধির তথ্য নিম্নে সন্নিবেশিত হ'ল ঃ

(কোটি টাকায়)

শ্রেণীবিন্যাসিত ঋণ			
	জুলাই-সেপ্টেঃ/১১	অক্টোঃ-ডিসেঃ/২০১১	পরিবর্তনের হার
বৃহৎ শিল্প ঋণ	২৯৩৭.১৮	২৬১৫.৮৯	(-) ১০.৯৪
মাঝারি শিল্প ঋণ	১৬১৩.৭৪	১৪২০.১৬	(-) ১২.০০
ক্ষুদ্র শিল্প ঋণ	১৩৪৭.১৩	৬১০.১৬	(-) ৫৪.৭১
মোট মেয়াদী ঋণ	৫৮৯৮.০৫	৪৬৪৬.২১	(-) ২১.২২

অপর পাতায় দ্রষ্টব্য

পূর্ব পাতার পর


০৫। **বকেয়া ঋণস্থিতি ঃ**

জুলাই-ডিসেঃ/২০১১ সময় শেষে শিল্প খাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ১,৩৫,৯৬৫.৩৪ কোটি টাকা । এর মধ্যে চলতি মূলধন খাতে বকেয়া ঋণস্থিতি ৬১,১৪২.৮৬ কোটি টাকা এবং মেয়াদী ঋণ খাতে বকেয়া ঋণস্থিতি ৭৪,৮২২.৪৮ কোটি টাকা । মোট বকেয়া ঋণস্থিতির ১৭.৮০% রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের, ৬৪.৫৫% বেসরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহের, ৫.৩৫% বিদেশী ব্যাংকসমূহের, ৪.৭৫% বিশেষায়িত ব্যাংকসমূহের এবং ৭.৫৬% অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানসমূহের ।

জুলাই-ডিসেঃ/২০১০ সময় শেষে শিল্প খাতে মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ছিল ১,১৪,৫৪৭.৬৬ কোটি টাকা, যা বর্তমান সময়ে (জুলাই-ডিসেঃ/২০১১) ১৮.৭০% বৃদ্ধি পেয়ে ১,৩৫,৯৬৫.৩৪ কোটি টাকা হয়েছে । এর মধ্যে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতি ১৯.৬২% বৃদ্ধি পেয়ে ৬১,১৪২.৮৬ কোটি টাকা এবং মেয়াদী ঋণের বকেয়া স্থিতি ১৭.৯৫% বৃদ্ধি পেয়ে ৭৪,৮২২.৪৮ কোটি টাকা হয়েছে। নিম্নের ছক ও গ্রাফের মাধ্যমে বিষয়টি প্রদর্শিত হ'ল ঃ

(কোটি টাকায়)

বকেয়া ঋণ স্থিতি			
	জুলাই-ডিসেঃ/২০১০	জুলাই-ডিসেঃ/২০১১	**পরিবর্তনের হার**
চলতি মূলধন	৫১১১৩.৩৭	৬১১৪২.৮৬	(+) ১৯.৬২
মেয়াদী ঋণ	৬৩৪৩৪.২৯	৭৪৮২২.৪৮	(+) ১৭.৯৫
মোট	১১৪৫৪৭.৬৬	১৩৫৯৬৫.৩৪	(+) ১৮.৭০



জুলাই-সেপ্টঃ/১১ ও অক্টোঃ-ডিসেঃ/১১ ত্রৈমাসে বকেয়া ঋণ স্থিতির হ্রাস/বৃদ্ধি র তুলনামূলক তথ্য নিম্নে দেয়া হ'ল ঃ

(কোটি টাকায়)

বকেয়া ঋণ স্থিতি			
	জুলাই-সেপ্টেঃ/১১	অক্টোঃ-ডিসেঃ/২০১১	**পরিবর্তনের হার**
চলতি মূলধন	৫৯৮৫৯.৮৩	৬১১৪২.৮৬	(+) ২.১৪
মেয়াদী ঋণ	৬৯২১৬.৪৩	৭৪৮২২.৪৮	(+) ৮.১০
মোট	১২৯০৭৬.২৬	১৩৫৯৬৫.৩৪	(+) ৫.৩৪

জুলাই-সেপ্টঃ/১১ ও অক্টোঃ-ডিসেঃ/১১ ত্রৈমাসে বকেয়া মেয়াদী ঋণস্থিতির হ্রাস/বৃদ্ধি র তুলনামূলক তথ্য নিম্নে দেয়া হ'ল ঃ

(কোটি টাকায়)

বকেয়া ঋণ স্থিতি			
	জুলাই-সেপ্টেঃ/১১	অক্টোঃ-ডিসেঃ/২০১১	**পরিবর্তনের হার**
বৃহৎ শিল্প ঋণ	৪৬২২৭.৬৮	৪৮৫৬০.৯৮	(+) ৫.০৫
মাঝারি শিল্প ঋণ	১৬৭৩২.৬৫	১৯৪৭৪.৭৫	(+) ১৬.৩৯
ক্ষুদ্র শিল্প ঋণ	৬২৫৬.১০	৬৭৮৬.৭৫	(+) ৮.৪৮
মোট মেয়াদী ঋণ	৬৯২১৬.৪৩	৭৪৮২২.৪৮	(+) ৮.১০

অপর পাতায় দ্রষ্টব্য

পূর্ব পাতার পর -

শিল্প ঋণের বর্ণিত তথ্য হতে বিগত বছর একই সময়ের সঙ্গে তুলনা করলে দেখা যায় যে, জুলাই-ডিসেঃ/২০১০ অপেক্ষা জুলাই-ডিসেঃ/২০১১ সময়কালে ঋণ বিতরণ ৩.০৯%, আদায় ১৭.৮৯%, মেয়াদোত্তীর্ণের পরিমাণ ১৩.৪৩% ও বকেয়া ঋণ স্থিতি ১৮.৭০% বৃদ্ধি পেয়েছে, অধিকন্তু শ্রেণীকৃত ঋণের পরিমাণ ৩.০৯% হ্রাস পেয়েছে, যা' আশাব্যাঞ্জক।

আবার বিগত ত্রৈমাসিক অর্থাৎ জুলাই-সেপ্টেঃ/২০১১ অপেক্ষা অক্টোঃ-ডিসেঃ/২০১১ সময়কালে ঋণ বিতরণ ১৬.৬৫%, আদায় ১৬.৬৮% ও বকেয়া ঋণ স্থিতি ৫.৩৪% বৃদ্ধি পেয়েছে, অধিকন্তু মেয়াদোত্তীর্ণ ঋণ ৭.৯৮% এবং শ্রেণীবিন্যাসিত ঋণ ২৪.১৮% হ্রাস পেয়েছে, যা' আশাব্যাঞ্জক।